JAN. 1 0 2001

## পাঠ্যপুস্তক সঙ্কট

# টেক্সটবুক বোর্ড রাজশাহী বিভাগে এখনও কোন পরিবেশক নিয়োগ করতে পারেনি

**উত্তম কুমার দাস**, *রাজশাহী থেকে*

নতুন বছরের শুরুতে রাজশাহী জেলাসহ উত্তরাঞ্চলের মাধ্যমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের আনাগোনা শুরু হলেও সরকার অনুমোদিত পাঠ্য বইয়ের অভাবে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। ছাত্রছাত্রীদের হাতে কবে নাগাদ বই আসবে তা নির্দিষ্টভাবে শিক্ষা বোর্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর কিংবা জেলা শিক্ষা দফতরের কর্মকর্তারা বলতে পারছেন না। এদিকে নিয়ম-কানুন সংক্রান্ত জটিলতায় এখন পর্যন্ত টেক্সটবুক বোর্ড রাজশাহী বিভাগে কোন পরিবেশকই নিয়োগ করতে পারেনি। সব মিলিয়ে শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা চরম হতাশায় পড়েছেন। বই ব্যবসায়ীদের সূত্রে জানা গেছে, পরিবেশক হিসাবে নিয়োগ পাওয়ার শর্ত হিসাবে বিক্রেতাকে আগের বছরের মোট বিক্রির শতকরা ২৫ ভাগ অর্থ টেক্সটবুক বোর্ডে আগাম জমা দিতে হবে। অর্থাৎ যার বিক্রি কোটি টাকা তাকে ২৫ লাখ টাকা জামানত দিতে হবে। এই শর্তের ফলে রাজশাহী বিভাগে কেউ পরিবেশক হতে এগিয়ে যায়নি। সংশ্লিষ্ট সূত্র অনুসারে, রাজশাহী বিভাগের ১৬ জেলায় প্রায় সাড়ে ৪ হাজার নিম্ন ও মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ২০ লাখ। এবার এই সংখ্যা আরও বাড়বে। অভিভাবক ও শিক্ষকদের মতে, সময়মত বই না পাওয়ায় ছাত্রছাত্রীদের অপূরণীয় ক্ষতি হবে। বিশেষ করে দুর্বল শিক্ষার্থীরা বেশি ক্ষতিগ্রস্ত হবে। এতদসংক্রান্ত প্রতিক্রিয়া খতিয়ে দেখে রিপোর্ট করতে বিভাগীয় প্রশাসন ডিসিদের নির্দেশ দিয়েছে।